

^১[৪৮ক। মূল্য সংযোজন কর কর্মকর্তাকে ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণ।— এই আইন ও তদধীনে প্রণীত বিধিমালার উদ্দেশ্যে পূরণকল্পে সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, Code of Criminal Procedure, 1898 (Act V of 1898), অতঃপর Code of Criminal Procedure বলিয়া উল্লিখিত, এর section 36 এর অধীন ক্ষমতা প্রয়োগের জন্য সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ যে কোন মূল্য সংযোজন কর কর্মকর্তার উপর Code of Criminal Procedure এর Schedule III তে বর্ণিত প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেটের ক্ষমতা অর্পণ করিতে পারিবে।]

^১। অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬(১৪) বলে নতুন ধারা “৪৮ক” সন্নিবেশিত।